



গবিত্তে আন্তঃক্লাব বিতর্কে দুই বিভাগে চ্যাম্পিয়ন উন্মোষ ও ভেরোটাস



ছবি: প্রতিনিধি

গণ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির আয়োজনে ‘অন্তঃক্লাব বিতর্ক প্রতিযোগিতা ২০২৬’-এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। এতে বাংলা বিভাগে ‘উন্মোষ’ এবং ইংরেজি বিভাগে ‘ভেরোটাস’ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

সোমবার (১৮ মে) বিশ্ববিদ্যালয়ের আইকিউএসসি সভাকক্ষে তিন দিনব্যাপী এ প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হয়। বাংলা ও ইংরেজি—দুই ভাষায় এ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

বাংলা বিতর্কের বিষয় ছিল, “এই সংসদ মনে করে, বিশ্ববিদ্যালয়গুলোর সংকট রাজনীতি নয়; বরং শিক্ষাগত ও কাঠামোগত দুর্বলতা।” এ বিষয়ে বিরোধী দল ‘উন্মোষ’ বিজয়ী হয়। অন্যদিকে ইংরেজি বিতর্কের বিষয় ছিল, “সংক্ষিপ্ত মাধ্যমভিত্তিক সাংবাদিকতার বিস্তারে এই সংসদ অনুতপ্ত।” এ বিভাগে বিজয়ী হয় ‘ভেরোটাস’।

উদ্বোধনী বক্তব্যে জিবিডিএসের সাধারণ সম্পাদক বিজয় বলেন, “চূড়ান্ত পর্বে অংশ নেওয়া দলগুলো তাদের একাগ্রতা ও কঠোর পরিশ্রমের মাধ্যমে এ পর্যায়ের পৌঁছেছে। প্রতিযোগিতা শুরু করার পর থেকে সবাই সংগঠনকে এগিয়ে নিতে আন্তরিকভাবে কাজ করেছে।”

সভাপতির বক্তব্যে জিবিডিএসের সভাপতি মো. রুমান হোসেন বলেন, “সবার সম্মিলিত প্রচেষ্টায় আমরা সফলভাবে এই আয়োজন সম্পন্ন করতে পেরেছি। যারা আজ বিজয়ী হয়েছে এবং যারা হতে পারেনি সবার পরিশ্রমই সমানভাবে মূল্যবান। ভবিষ্যতে আরও ভালো ফলাফল অর্জনের মাধ্যমে সবাই নিজেদের যোগ্যতার স্বাক্ষর রাখবে বলে আমি আশাবাদী।”

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপ-নিবন্ধক, সংগঠনের শিক্ষক উপদেষ্টাগণ, বিভিন্ন অনুষদের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ এবং কেন্দ্রীয় ছাত্র সংসদের সহ-সভাপতি ইয়াসিন আল মুতল দেওয়ান ও সহকারী সাধারণ সম্পাদক সামিউল ইসলাম সোভন উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতা শেষে বিজয়ী দলগুলোর হাতে পুরস্কার ও সম্মাননা স্মারক তুলে দেওয়া হয়।